দৈনিক সংবাদ

107

তারিখ 18 APR 1990
পৃষ্ঠা 7 কলাম 6

উপাচার্যের জন্য প্যানেল মনোনয়ন

# ৩রা মে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বিশেষ সভা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

সুদীর্ঘ প্রায় তিন বছর পর আগামী ৩রা মে বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের এক বিশেষ সভা আহ্বান করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জমান মিয়া ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩-এর অর্পিত ক্ষমতা বলে এই সভা আহ্বান করেন।

সিনেটের এই বিশেষ সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগের জন্য ৩ জনের একটি প্যানেল মনোনয়ন করে চ্যান্সেলরের উদ্দেশে পাঠানো হবে। এই প্যানেল থেকে চ্যান্সেলর বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য নিয়োগ করবেন।

আদালতের নিষেধাজ্ঞার কারণে দীর্ঘদিন সিনেট সভা অনুষ্ঠিত হয়নি।

( শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

## ৩রা মে ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

সম্প্রতি উচ্চ আদালত সিনেট সভার ওপর প্রদত্ত নিষেধাজ্ঞা স্থগিত করায় এই সভা অনুষ্ঠিত হবে।

### বিবৃতি

ডাকসু সহ-সভাপতি সুলতান মোহাম্মদ মনসুর ও সাধারণ সম্পাদক মুশতাক হোসেন গতকাল এক বিবৃতিতে সিনেট সচল ও সক্রিয় হবার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনকে সমুন্নত রাখা এবং বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন ধরে জমে থাকা সমস্যার সমাধানের সুযোগ সৃষ্টি হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।